# 📖 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৮৮

৫/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৫২. ‘রমল’ করার পদ্ধতি

بَابٌ فِي الرَّمَلِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ أَبِي زِيَادٍ، عَنِ الْقَاسِمِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّمَا جُعِلَ الطَّوَافُ بِالْبَيْتِ وَبَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ وَرَمْيُ الْجِمَارِ لِإِقَامَةِ ذِكْرِ اللَّهِ

ضعيف // ضعيف الجامع الصغير (٢٠٥٦)، المشكاة (٢٦٢٤)، ضعيف سنن الترمذي (١٥٤/٩١٠)

বাংলা

১৮৮৮। ’আয়িশাহ্‌ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মূলতঃ বায়তুল্লাহ তাওয়াফ, সাফা-মারওয়ার মাঝে সাঈ এবং জামরায় কংকর নিক্ষেপ ইত্যাদি প্রবর্তিত হয়েছে আল্লাহর যিকির প্রতিষ্ঠিত করার জন্য।[1]

দুর্বলঃ যঈফ আল-জামি’উস সাগীর (২০৫৬), মিশকাত (২৬২৪), যঈফ সুনান আত-তিরমিযী (১৫৪/৯১০)।

## English

Narrated Aisha, Ummul Mu'minin:

The Messenger of Allah (ﷺ) said: Going round the House (the Ka'bah), running between as-Safa and lapidation of the pillars are meant for the remembrance of Allah.

ফুটনোট

[1]. তিরমিযী, ইবনু খুযাইমাহ, হাকিম। ইমাম তিরমিযী বলেন: এ হাদীসটি হাসান সহীহ। ইমাম হাকিম ও যাহাবী বলেন: সনদ সহীহ।’ কিন্তু সনদের উবাইদুল্লাহ বিন যিয়াদ সম্পর্কে হাফিয আত-তাকরীব গ্রন্থে বলেন: ‘তিনি শক্তিশালী নন।’ উবাইদুল্লাহ হাদীসের সনদে ইযতিরাব করেছেন। কখনো এটিকে মারফূ আবার কখনো মাওকুফভাবে বর্ণনা করেছেন। ইমাম আজরী বলেন: তার হাদীসসমূহ মুনকার।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=59256

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন